



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫




স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০১.২১ ১১৪

তারিখঃ ২২/১২/২০২১খ্রিঃ

বিষয়ঃ ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের আওতায় গঠিত কিশোরী সংঘের আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য ১টি পৃথক ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পটি জুলাই, ২০২১ হতে জুন, ২০২৬ খ্রিঃ মেয়াদে বাস্তবায়িত হবে। ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পভুক্ত ৫৯ টি উপজেলায় ০২টি করে মোট ১১৮ টি হাইস্কুলে কিশোরী শিক্ষার্থীদের সংগঠিত করে সঞ্চয় জমা ও প্রণোদনা প্রদানসহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন হবে। সে আলোকে কিশোরী সংঘের আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পর্যায়ে ১টি পৃথক ব্যাংক হিসাব খোলা প্রয়োজন।

এমতাবস্থায়, ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের আওতায় গঠিত কিশোরী সংঘের আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পর্যায়ে IRESPPW (SG), BRDB শিরোনামে যে কোন তফসিলি ব্যাংক এর নিকটবর্তী শাখায় একটি SND হিসাব খোলাপূর্বক প্রকল্প সদর দপ্তর-কে আগামী ০২/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে উক্ত হিসাবের ব্যাংক স্টেটমেন্টসহ অবহিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, উপজেলা পর্যায়ের উক্ত হিসাবটি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ----- (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ব্রাঞ্চ ম্যানেজার, ..... ব্যাংক লি:, ----- শাখা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৬. অফিস নথি।